



করোনাভাইরাসের (কোভিড-১৯) প্রাদুর্ভাব রোধে জনসচেতনতা মূলক তথ্যাবলি

করোনাভাইরাস সংক্রমণের ঝুঁকি রোধে করণীয়



১

ঘন ঘন দুই হাত সাবান পানি দিয়ে কমপক্ষে ২০ সেকেন্ড যাবৎ পরিষ্কার করুন। প্রয়োজনে হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করতে পারেন।



২

যেখানে সেখানে কফ ও থুতু ফেলবেন না। হাত দিয়ে নাক, মুখ ও চোখ স্পর্শ থেকে বিরত থাকুন।

৩

হাঁচি-কাশির সময়ে টিস্যু অথবা কাপড় দিয়ে বা বাহুর ভাঁজে নাক-মুখ ঢেকে ফেলুন। ব্যবহৃত টিস্যু ঢাকনায়ুক্ত ময়লার পাত্রে ফেলুন ও হাত পরিষ্কার করুন।



করোনাভাইরাস (কোভিড-১৯) এর লক্ষণসমূহ



করোনাভাইরাস (কোভিড-১৯) আক্রান্ত দেশ হতে আসার অথবা আক্রান্ত ব্যক্তির সংস্পর্শে আসার ১৪ দিনের মধ্যে উপরের যে কোনো লক্ষণ দেখা দিলে-

- ✓ নাক-মুখ ঢাকার জন্য মাস্ক ব্যবহার করুন
- ✓ সুস্থ ব্যক্তি হতে ৩ ফুট দূরত্ব বজায় রাখুন
- ✓ আইইডিসিআর- এর হটলাইন নম্বরে যোগাযোগ করুন
- ✓ প্রয়োজনে স্থানীয় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা অথবা সিভিল সার্জন কার্যালয়ে যোগাযোগ করুন



করোনাভাইরাস (কোভিড-১৯) আক্রান্ত দেশ থেকে ফেরা বাংলাদেশের নাগরিকদের স্বাস্থ্যসেবা প্রসঙ্গে

আক্রান্ত দেশ থেকে যদি কেউ এসে থাকেন এবং যাদের মধ্যে (কোভিড-১৯) রোগের কোন লক্ষণ দেখা যায়নি, তারা মোট ১৪ দিন ধরে স্বেচ্ছা কোয়ারান্টাইনে থাকবেন।

জনসমাগম (সামাজিক অনুষ্ঠান, ধর্মীয় জমায়েত, খেলাধুলা, সভা, সিনেমা হল, মেলা ইত্যাদি) এড়িয়ে চলুন।



আক্রান্ত দেশ থেকে যদি কেউ এসে থাকেন এবং বাংলাদেশে অবস্থানের ১৪ দিনের মধ্যে (কোভিড-১৯) রোগের লক্ষণ দেখা দেয় তবে তাৎক্ষণিক ভাবে আইইডিসিআর হটলাইনে ফোন করবেন।

বিশেষ প্রয়োজন না হলে বিদেশ থেকে আসা ও বিদেশে যাওয়া পরিহার করুন।

আইইডিসিআর-এর হটলাইন নম্বরে: ০১৯৩৭ ১১০০১১, ০১৯৩৭ ০০০০১১, ০১৯২৭ ৭১১৭৮৪, ০১৯২৭ ৭১১৭৮৫ ও স্বাস্থ্য বাতায়ন-১৬২৬৩



লাইফস্টাইল, হেলথ এডুকেশন এন্ড প্রমোশন, স্বাস্থ্য অধিদপ্তর, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়